গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-১০ (অডিট ও উপবৃত্তি)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২২- ২৫৫    তারিখ : ২৭ এপ্রিল, ২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করা প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রি-ভোকেশনাল (ষষ্ঠ-অষ্টম), এসএসসি-ভোকেশনাল (নবম ও দশম শ্রেণি), দাখিল-ভোকেশনাল (নবম ও দশম শ্রেণি), এইচএসসি-ভোকেশনাল (একাদশ ও দ্বাদশ শ্রেণি) এবং চার বছর মেয়াদী ডিপ্লোমা পর্যায়ের (১ম পর্ব) সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের ধারাবাহিকতায় নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| পর্ব/শ্রেণি | মেয়াদ | নির্দেশনা |
|---|---|---|
| ষষ্ঠ (২০২৩ শিক্ষাবর্ষ) | জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • সরকারি টিএসসিতে ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী এ বিজ্ঞপ্তির আওতায় আসবে।<br>• উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS এ এন্ট্রি করতে হবে। |
| সপ্তম (২০২৩ শিক্ষাবর্ষ) | জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • সরকারি টিএসসিতে ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত এসকল শিক্ষার্থী ২০২৩ শিক্ষাবর্ষে সপ্তম শ্রেণিতে অধ্যায়নরত আছে।<br>• পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য Admission Year: ২০২৩ নির্বাচন করতে হবে। শ্রেণি ৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণিতে এডিট করে দিতে হবে।<br>• যদি MIS এসকল তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে।<br>• বিগত জুলাই-ডিসেম্বর, ২০২২ মেয়াদে যারা ৬ষ্ঠ শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন, ২০২৩ মেয়াদে ৭ম শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>• বিগত জুলাই-ডিসেম্বর,২০২২ মেয়াদে যারা ৬ষ্ঠ শ্রেণি হিসেবে উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জানুয়ারি-জুন,২০২৩ মেয়াদে ৭ম শ্রেণির জন্য উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়েছে এমন শিক্ষার্থীদের তথ্য যদি MIS এ পূর্বে এন্ট্রি না হয়ে থাকে তবে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। |
| অষ্টম (২০২৩ শিক্ষাবর্ষ) | জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • সরকারি টিএসসিতে ২০২২ শিক্ষাবর্ষে ৭ম শ্রেণিতে ভর্তিকৃত এসকল শিক্ষার্থী বর্তমানে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত আছে।<br>• পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য Admission Year: ২০২৩ নির্বাচন করতে হবে। শ্রেণি ৭ম থেকে ৮ম শ্রেণিতে এডিট করে দিতে হবে।<br>• যদি MIS এসকল তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে।<br>• বিগত জুলাই-ডিসেম্বর, ২০২২ মেয়াদে যারা ৭ম শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন, ২০২৩ মেয়াদে ৮ম শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>• বিগত জুলাই-ডিসেম্বর,২০২২ মেয়াদে যারা ৭ম শ্রেণি হিসেবে উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জানুয়ারি-জুন,২০২৩ মেয়াদে ৮ম শ্রেণির জন্য উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়েছে এমন শিক্ষার্থীদের তথ্য যদি MIS এ পূর্বে এন্ট্রি না হয়ে থাকে তবে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। |
| নবম (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) | জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী এ বিজ্ঞপ্তির আওতায় আসবে।<br>• পূর্বে এন্ট্রিকৃত তথ্যের জন্য Admission Year: ২০২৩ নির্বাচন করতে হবে। যে সকল শিক্ষার্থী ৮ম শ্রেনী থেকে প্রমোশনের মাধ্যমে নবম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে তাদের শ্রেণি ৮ম থেকে ৯ম শ্রেণিতে এডিট করে দিতে হবে। |

| পর্ব/শ্রেণি | মেয়াদ | নির্দেশনা |
|---|---|---|
| | | • যদি MIS এসকল তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে।<br>• বিগত জুলাই-ডিসেম্বর, ২০২২ মেয়াদে ৮ম শ্রেণি হিসেবে যারা উপবৃত্তি পেয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন, ২০২৩ মেয়াদে নবম শ্রেণির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>• সরকারি টিএসসির ক্ষেত্রে ২০২৩ শিক্ষাবর্ষে নবম শ্রেণীতে ভর্তিকৃত নতুন শিক্ষার্থী এবং বিগত জুলাই-ডিসেম্বর,২০২২ মেয়াদের জন্য অষ্টম শ্রেণিতে অধ্যয়নত থাকাকালীন যারা উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জানুয়ারি-জুন,২০২৩ মেয়াদের নবম শ্রেণির জন্য উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়েছে এমন শিক্ষার্থীদের তথ্য যদি MIS এ পূর্বে এন্ট্রি না হয়ে থাকে তবে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। |
| দশম (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জুলাই- ডিসেম্বর, ২০২২) নবম শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছে।<br>• পূর্বে এন্ট্রিকৃত যে সকল শিক্ষার্থী ৯ম শ্রেণি থেকে প্রমোশনের মাধ্যমে ১০ম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে তাদের শ্রেণি ৯ম থেকে ১০ম শ্রেণিতে এডিট করে দিতে হবে।<br>• যদি MIS এসকল তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে।<br>• বিগত জুলাই- ডিসেম্বর, ২০২২ মেয়াদে যারা নবম শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছিলো কিন্তু জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদে দশম শ্রেণির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>• বিগত জুলাই- ডিসেম্বর, ২০২২ মেয়াদের জন্য যারা নবম শ্রেণি হিসেবে উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদে দশম শ্রেণির জন্য উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়েছে এমন শিক্ষার্থীদের তথ্য যদি MIS এ পূর্বে এন্ট্রি না হয়ে থাকে তবে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। |
| একাদশ (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • ৬৪টি সরকারি টিএসসিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এইচএসসি(ভোকেশনাল) কোর্সে ভর্তিকৃত সকল শিক্ষার্থী এ বিজ্ঞপ্তির আওতায় আসবে।<br>• যে সকল শিক্ষার্থী পূর্বে সরকারি টিএসসিতে দশম শ্রেণিতে অধ্যয়নরত ছিলো এবং একই টিএসসিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) কোর্সে একাদশ শ্রেণিতে পুনরায় ভর্তি হয়েছে সেক্ষেত্রে Admission Year: ২০২২-২৩ নির্বাচন করতে হবে এবং তাদের শ্রেণি দশম থেকে একাদশে এডিট করে দিতে হবে এছাড়া শিক্ষাক্রম হিসেবে এইচএসসি(ভোকেশনাল) এবং সংশ্লিষ্ট ট্রেড নির্বাচন এবং বেনিফিসিয়ারি স্ট্যাটাস সক্রিয় করতে হবে।<br>• উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS এ এন্ট্রি করতে হবে। |
| দ্বাদশ (২০২১-২২ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি/আপডেট করতে হবে। | • এই শিক্ষার্থীরা গত মেয়াদে (জানুয়ারি-জুন, ২০২২) একাদশ শ্রেণি হিসেবে উপবৃত্তি পেয়েছে।<br>• পূর্বে এন্ট্রিকৃত যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেনী থেকে প্রমোশনের মাধ্যমে শ্রেণিতে উত্তীর্ণ হয়েছে তাদের শ্রেণি একাদশ থেকে দ্বাদশে এডিট করে দিতে হবে।<br>• যদি MIS এসকল তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু পূর্ববর্তী পর্যায়ে (Cycle)উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু চলমান পর্যায়ে (Cycle) উপবৃত্তির জন্য বিবেচিত হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে।<br>• বিগত জানুয়ারি-জুন, ২০২২ মেয়াদে একাদশ শ্রেণি হিসেবে যারা উপবৃত্তি পেয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদে দ্বাদশ শ্রেণি হিসেবে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>• বিগত জানুয়ারি-জুন, ২০২২ মেয়াদের জন্য যারা একাদশ শ্রেণির উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর, ২০২২ ও জানুয়ারী-জুন, ২০২৩ মেয়াদে দ্বাদশ শ্রেণির জন্য উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়েছে এমন শিক্ষার্থীদের তথ্য যদি MIS এ পূর্বে এন্ট্রি না হয়ে থাকে তবে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ডিপ্লোমা ১ম পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২২ মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে। | • সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত সকল শিক্ষার্থী এ বিজ্ঞপ্তির আওতায় আসবে।<br>• উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS এ এন্ট্রি করতে হবে। |

২। বিজ্ঞপ্তিটি ভালোভাবে পড়ে উল্লিখিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে। এ সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৩। উল্লেখ্য,

(ক) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা RDO অফিসে DTE Stipend MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

(খ) একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে শুধুমাত্র একটি ডাটাই প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না।

(গ) সকল ক্ষেত্রে উপবৃত্তি প্রাপ্তির শর্ত প্রতিপালন করতে হবে।

(ঘ) এই মেয়াদে যারা উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের আবেদন ফর্ম (SAF) পূরণ করতে হবে এবং পূর্বে যারা আবেদন ফর্ম (SAF) পূরণ করেছিলো তাদের আবেদন ফর্মসহ সকল ফর্ম শিক্ষার্থী ও অধ্যক্ষ নতুন করে তারিখসহ স্বাক্ষর করবেন। উপবৃত্তির জন্য নির্বাচিত তালিকা বাছাই কমিটি কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

(ঙ) প্রতিষ্ঠানের শিক্ষার্থী বাছাই কমিটি কর্তৃক শিক্ষার্থীর তালিকা অনুমোদন সংক্রান্ত রেজুলেশন MIS এর ভেতর Configuration > Institute Setup > Institute List > Edit > Attachment > Others অংশে Upload করে দিতে হবে।

৪। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে (যেমন: নগদ, বিকাশ, রকেট, এম-ক্যাশ, ওকে-ওয়ালেট ইত্যাদি) কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে হবে এবং

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫। বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:

ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration এর মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;

খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

গ) "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০" এর ম্যানুয়াল'র অনুচ্ছেদ ১৮ এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে।

৬। প্রতিষ্ঠান কর্তৃক http://114.130.119.58/dte লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/আপডেট আগামী ১৭/০৪/২০২৩ খ্রি. থেকে ০৭/০৫/২০২৩ খ্রি.তারিখের মধ্যে নির্ভুলভাবে সম্পন্ন করতে হবে।

৭। প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক যাচাই-বাছাই করে আগামী ১১/০৫/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Faisal ১৬/০৪/২০২৩

(মোহাম্মদ ফয়সাল মুফতী)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ণ/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন /পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর;

২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);

৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য);

৫। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৬। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ উপবৃত্তি সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);

৭। অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্টানের সাথে যোগযোগ করতঃ উপবৃত্তি সংক্রান্ত কাজ তদারকী করার অনুরোধ সহ);

৮। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৯। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;

১০। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;

১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);

১৩। সংশ্লিষ্ট নথি।